

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৪৪১

৩৬. বিচার সম্পর্কিত অধ্যায় (كتاب الأقضية)

পরিচ্ছেদঃ ২০. হারানো প্রাপ্তির ফয়সালা

بَابِ الْقَصَاءِ فِي الْمَنْبُوذِ

## আরবী

قَالَ يَحْيَى قَالَ مَالِكَ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سُنَيْنٍ أَبِي جَمِيلَةَ رَجُلٌ مِنْ بَنِي سُلَيْمٍ أَنَّهُ وَجَدَ مَنْبُوذًا فِي زَمَانِ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ فَجِئْتُ بِهِ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ مَا حَمَلَكَ عَلَى أَخْذِ هَذِهِ النَّسَمَةِ فَقَالَ وَجَدْتُهَا ضَائِعَةً فَأَخَذْتُهَا فَقَالَ لَهُ عَرِيفُهُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّهُ رَجُلٌ صَالِحٌ فَقَالَ لَهُ عُمَرُ أَكَذَلِكَ قَالَ نَعَمْ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ اذْهَبْ فَهُوَ حُرُّ وَلَكَ وَلَاقُهُ وَعَلَيْنَا نَفَقَتُهُ

قَالَ يَحْيَى سَمِعْت مَالِك يَقُولُ الْأَمْرُ عِنْدَنَا فِي الْمَنْبُوذِ أَنَّهُ حُرُّ وَأَنَّ وَلَاءَهُ لِلْمُسْلِمِينَ هُمْ يَرتُونَهُ وَيَعْقِلُونَ عَنْهُ

## বাংলা

রেওয়ায়ত ১৯. সুনাইন ইবন আবী জমিলা (রহঃ) বনী সুলায়মান বংশোদ্ভূত, তিনি উমর (রাঃ)-এর জামানায় একটি শিশু পাইয়াছিলেন। তিনি বলেন যে, তাহাকে আমি উঠাইয়া উমর (রাঃ)-এর দরবারে হাযির হইলাম। উমর (রাঃ) বলিলেন, তুমি তাহাকে কেন উঠাইয়াছ? তিনি বলিলেন, আমি তাহাকে উঠাইয়া না আনিলে সে ধ্বংস হইয়া যাইত। এমন সময় পরিচিত এক ব্যক্তি বলিল, হে আমিরুল মু'মিনীন, আমি এই ব্যক্তিকে চিনি, সে খুব নেককার লোক। উমর (রাঃ) বলিলেন, সত্যই কি সে নেককার? সে বলিল, হ্যাঁ। অতঃপর উমর (রাঃ) বলিলেন, তুমি চলিয়া যাও, এই সন্তান আযাদ (মৃক্ত), তুমি তাহার অভিভাবকত্ব পাইবে। আর আমরা তাহার খরচাদি বহন করিব।

মালিক (রহঃ) বলেনঃ আমাদের নিকট হারানো প্রাপ্ত সন্তান আযাদ। তাহার অভিভাবকত্ব মুসলিমদের জন্য, তাহারাই তাহার উত্তরাধিকারী এবং তাহারাই তাহার পক্ষে হইতে দীয়্যত (ক্ষতিপূরণ) দেবে।

## **English**

Yahya said that Malik related from Ibn Shihab that Sunayn Abi Jamila, a man



from the Banu Sulaym, found an abandoned child in the time of Umar ibn al-Khattab. Sunayn took him to Umar ibn al-Khattab. He asked, "What has induced you to take this person?" He answered, "I found him lost, so I took him." Umar's advisor said to him, 'Amir al-Muminin! He is a man who does good." Umar inquired of him, "Is it so?" He replied, "Yes." Umar ibn al-Khattab said, "Go, he is free, and you have his wala' inheritance, and we will provide for him."

Yahya said that he heard Malik say, "What is done in our community about an abandoned child is that he is free, and his wala' inheritance belongs to the muslims, and they inherit from him and pay his blood money."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন